



# বিয়োগ



প্রাক-অনুশীলন

বন্ধুরা! এসো আমরা প্রথমেই এ অধ্যায়ের অনুশীলনে সহায়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলিতে মনোযোগ দিই যা প্রস্তুতিকে আরও সহজ করবে।

✓ এ অধ্যায় পাঠ শেষে শিক্ষার্থীরা যা জানতে পারবে

■ একক ও দশক হিসাব করে বিয়োগ করতে পারবে

■ বিয়োগ প্রক্রিয়া ব্যবহার করে বাস্তব সমস্যার সমাধান করতে পারবে

প্রিয় বন্ধুরা! এবার আমরা পাঠ্যবইয়ের অসমাপ্ত গাণিতিক সমস্যাবলির সমাধান আয়ত্ত করব।

অনুশীলন

পাঠ্যবইয়ের অসমাপ্ত গাণিতিক সমস্যাবলির সমাধান



❓ রাফির ২৫টি ও তুলির ১২টি গল্পের বই আছে। রাফির কতটি বই বেশি আছে?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০১]

তুমি কীভাবে হিসাব করবে?

$$25 - 12 = 13$$

	দশক	একক	
রাফি			২৫
তুলি			১২
রাফির বেশি আছে			১৩

২	৫
১	২
১	৩

$$25 - 12 = 13 \text{ টি বই}$$

❓ রবি ৩৪ টাকা নিয়ে বাজারে গেল এবং সবজি কিনল। এখন তার কাছে ১৪ টাকা আছে। সে কত টাকার সবজি কিনল?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০১]

৩	৪
১	৪
২	০

$$34 - 14 = 20$$



একক থেকে একক  
এবং দশক থেকে দশক  
বিয়োগ করতে হবে

$$\begin{array}{r} (১) \quad \begin{array}{|c|c|c|} \hline & ২ & ৯ \\ \hline - & ১ & ৬ \\ \hline & & \\ \hline \end{array} \end{array}$$

$$(২) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৭ \\ \hline - & ১ & ৫ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৩) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৪ & ৮ \\ \hline - & ১ & ৩ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৪) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৮ \\ \hline - & ৩ & ১ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৫) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৪ & ১ \\ \hline - & ৪ & ১ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৬) \quad \begin{array}{|c|c|c|} \hline & ২ & ০ \\ \hline - & ২ & ০ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৭) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৯ \\ \hline - & & ২ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৮) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৫ \\ \hline - & & ০ \\ \hline & & \\ \hline \end{array}$$

$$(৯) ৩৫ - ১৩$$

$$(১০) ৪৭ - ২৬$$

$$(১১) ৩১ - ১১$$

সমাধান :

$$(১) \quad \begin{array}{|c|c|c|} \hline & ২ & ৯ \\ \hline - & ১ & ৬ \\ \hline & ১ & ৩ \\ \hline \end{array}$$

$$(২) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৭ \\ \hline - & ১ & ৫ \\ \hline & ২ & ২ \\ \hline \end{array}$$

$$(৩) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৪ & ৮ \\ \hline - & ১ & ৩ \\ \hline & ৩ & ৫ \\ \hline \end{array}$$

$$(৪) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৮ \\ \hline - & ৩ & ১ \\ \hline & & ৭ \\ \hline \end{array}$$

$$(৫) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৪ & ১ \\ \hline - & ৪ & ১ \\ \hline & ০ & ০ \\ \hline \end{array}$$

$$(৬) \quad \begin{array}{|c|c|c|} \hline & ২ & ০ \\ \hline - & ২ & ০ \\ \hline & ০ & ০ \\ \hline \end{array}$$

$$(৭) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৯ \\ \hline - & & ২ \\ \hline & ৩ & ৭ \\ \hline \end{array}$$

$$(৮) \quad \begin{array}{|c|c|c|} \hline & ৩ & ৫ \\ \hline - & & ০ \\ \hline & ৩ & ৫ \\ \hline \end{array}$$

$$(৯) ৩৫ - ১৩ = ২২$$

$$(১০) ৪৭ - ২৬ = ২১$$

$$(১১) ৩১ - ১১ = ২০$$

১২। তানিয়ার ৩৭টি সাদা কাগজ ছিল। সে ছবি আঁকতে ১৫টি ব্যবহার করল। তার কাছে কয়টি সাদা কাগজ রইল?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০২]

$$\begin{array}{l} \text{সমাধান : তানিয়ার সাদা কাগজ ছিল} \quad = \quad ৩৭\text{টি} \\ \text{সে ছবি আঁকতে ব্যবহার করল} \quad = \quad (-)১৫\text{টি} \\ \hline \therefore \text{তার কাছে সাদা কাগজ আছে} = \quad ২২\text{টি} \end{array}$$

উত্তর : ২২টি।

১৩। সাদির নিকট ২৭ টাকা আছে। কিন্তু সে ৪৭ টাকা দামের একটি খেলনা কিনতে চায়। খেলনাটি কিনতে তার আরও কত টাকা লাগবে?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০২]

$$\begin{array}{l} \text{সমাধান : খেলনাটির দাম হলো} \quad = \quad ৪৭\text{ টাকা} \\ \text{সাদির কাছে রয়েছে} \quad = \quad (-) ২৭\text{ টাকা} \\ \hline \therefore \text{খেলনাটি কিনতে আরও লাগবে} = \quad ২০\text{ টাকা} \end{array}$$

উত্তর : ২০ টাকা।

১৪। একটি বিদ্যালয়ের ২য় শ্রেণিতে ৩২ জন এবং ১ম শ্রেণিতে ৪৪ জন শিক্ষার্থী আছে। কোন শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বেশি? কত বেশি?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০২]

$$\begin{array}{l} \text{সমাধান : ১ম শ্রেণিতে শিক্ষার্থী রয়েছে মোট} \quad = \quad ৪৪\text{ জন} \\ \text{২য় শ্রেণিতে শিক্ষার্থী রয়েছে মোট} \quad = \quad (-) ৩২\text{ জন} \\ \hline \therefore \text{১ম শ্রেণিতে শিক্ষার্থী বেশি রয়েছে} = \quad ১২\text{ জন} \end{array}$$

উত্তর : ১ম শ্রেণিতে শিক্ষার্থী বেশি এবং ১২ জন বেশি।

১৫। একটি গল্পের বইয়ের ৫০টি পৃষ্ঠা আছে। রিয়া বইটির ৩০ পৃষ্ঠা পড়েছে। তার আর কত পৃষ্ঠা পড়ার বাকি আছে? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা-নং ১০২]

সমাধান : একটি গল্পের বইয়ের পৃষ্ঠা রয়েছে = ৫০টি  
 রিয়া বইটির মোট পৃষ্ঠা পড়েছে = (-) ৩০টি  
 ∴ বইয়ের পৃষ্ঠা বাকি রয়েছে = ২০টি

উত্তর : ২০টি পৃষ্ঠা।

১৬। ৩৫ - ১৭ বিয়োগটি দিয়ে একটি গল্প তৈরি কর। [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০২]

সমাধান : সার্কিভের কাছে ৩৫টি চকলেট রয়েছে। সে তার ভাই তামিমকে ১৭টি চকলেট দিয়ে দিল। সার্কিভের কাছে চকলেট থাকল ১৮টি।

$$৩৫ - ১৭ = ১৮$$

? কোনো শ্রেণিতে ৪৮ জন ছাত্র-ছাত্রী আছে। এদের মধ্যে ২৫ জন ছাত্র। ছাত্রীর সংখ্যা কত?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৩]



তুমি কীভাবে হিসাব করবে?

$$৪৮ - ২৫ = ২৩$$

	১০ এর দল	১ এর দল	
মোট ছাত্র-ছাত্রী			৪৮
ছাত্র			২৫
ছাত্রী			২৩

৪	৮
২	৫
২	৩

২৩ জন ছাত্রী

১। বিয়োগ করি

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৪]

(১) ৩৭ - ১৩	(২) ৪৯ - ১৭	(৩) ৩৮ - ১৫
(৪) ৬৯ - ১৭	(৫) ৮৩ - ২১	(৬) ৯৯ - ৩৩
(৭) ৫৯	(৮) ৪৭	(৯) ৮৯
(১০) ৭৭	(১১) ৮৬	(১২) ৯৭
<u>- ২২</u>	<u>- ৩৩</u>	<u>- ৩৪</u>
		<u>- ৫৩</u>
		<u>- ৩১</u>
		<u>- ২৫</u>

সমাধান :

(১) ৩৭ - ১৩ = ২৪	(২) ৪৯ - ১৭ = ৩২	(৩) ৩৮ - ১৫ = ২৩
(৪) ৬৯ - ১৭ = ৫২	(৫) ৮৩ - ২১ = ৬২	(৬) ৯৯ - ৩৩ = ৬৬
(৭) ৫৯	(৮) ৪৭	(৯) ৮৯
(১০) ৭৭	(১১) ৮৬	(১২) ৯৭
<u>- ২২</u>	<u>- ৩৩</u>	<u>- ৩৪</u>
		<u>- ৫৩</u>
		<u>- ৩১</u>
		<u>- ২৫</u>
৩৭	১৪	৫৫
		২৪
		৫৫
		৭২

২। সামি ৭৫ টাকা নিয়ে দোকানে গেল। সে ১টি খাতা ও ১টি কলম কিনল। দোকানদারকে ৫৩ টাকা দিল। তার কাছে কত টাকা রইল? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৪]

সমাধান : সামি দোকানে নিয়ে গেল = ৭৫ টাকা  
 ১টি কলম ও ১টি খাতা কিনল = (-) ৫৩ টাকা  
 ∴ সামির কাছে থাকল = ২২ টাকা

উত্তর : ২২ টাকা।

৩। রিয়াদের বাগানে ৫৭টি আম গাছ ও ৩৩টি কাঁঠাল গাছ আছে। তাদের বাগানে কোন গাছ বেশি আছে? কতটি বেশি আছে? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৪]

সমাধান : রিয়াদের বাগানে আম গাছ আছে = ৫৭টি  
 কাঁঠাল গাছ আছে = (-) ৩৩টি  
 ∴ আম গাছ বেশি রয়েছে = ২৪টি

উত্তর : আম গাছ বেশি ও ২৪টি বেশি।

৪। ফাহাদের ৩৩ টাকা ছিল। তার বাবা তাকে কিছু টাকা দিল। এখন তার ৭৫ টাকা হলো। তার বাবা তাকে কত টাকা দিল? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৪]

সমাধান : ফাহাদের কাছে আছে = ৭৫ টাকা  
 পূর্বে ফাহাদের কাছে ছিল = (-) ৩৩ টাকা  
 ∴ তার বাবা তাকে দিয়েছে = ৪২ টাকা

উত্তর : ৪২ টাকা।

৫। বিদ্যালয়ের মাঠে ১ম শ্রেণির ৪৪ জন শিক্ষার্থী খেলছিল। এদের সাথে ২য় শ্রেণির কিছু শিক্ষার্থী মাঠে খেলতে গেল। ফলে মাঠে ৭৯ জন শিক্ষার্থী হলো। ২য় শ্রেণির কতজন শিক্ষার্থী মাঠে খেলতে গেল? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৪]

সমাধান : মাঠে মোট শিক্ষার্থী খেলছিল = ৭৯ জন  
 সেখানে ১ম শ্রেণির শিক্ষার্থী খেলছিল = (-) ৪৪ জন  
 ∴ ২য় শ্রেণির শিক্ষার্থী খেলছিল = ৩৫ জন

উত্তর : ৩৫ জন।

৬। একটি ক্রিকেট ম্যাচে রাফি ৩৭ রান এবং অভি ২২ রান করেছে। রাফি অভির চেয়ে কত রান বেশি করেছে? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৪]

সমাধান : একটি ক্রিকেট ম্যাচে রাফি রান করে = ৩৭ রান  
 এবং অভি রান করে = (-) ২২ রান  
 ∴ রাফি অভির থেকে রান বেশি করেছে = ১৫ রান

উত্তর : ১৫ রান।